জেলা পরিষদ কার্যালয়
মৌলভীবাজার।
www.zpmoulvibazar.gov.bd

স্মারক নং : ৪৬.০০.৫৮০০.০১.০১(অংশ-৩).০৪০.১৭.১২৩ তারিখ : ০২/০৪/২০২৬ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, জেলা পরিষদ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪২.১১.০০৬.১৮-২৪৩, তাং: ২৪/০২/২০২৬ খ্রিঃ ছাড়পত্র মোতাবেক মৌলভীবাজার জেলা পরিষদে হিসাব রক্ষক এবং সার্ভেয়ার এর শুন্য পদে নিয়োগের জন্য নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে স্বহস্তে লিখিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের www.forms.gov.bd দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতন স্কেল ২০১৫ | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | হিসাব রক্ষক | ০১ টি | ১১,০০০-২৬৫৯০ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে বিভাগে ন্যূনতম ২য় শ্রেণিতে স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং এ দক্ষতা থাকতে হবে। |
| ০২ | সার্ভেয়ার | ০১ টি | ৯,৩০০-২২,৪৯০ | (ক) সরকার কর্তৃক অনুমোদিত সার্ভে ইনস্টিটিউট হতে ৪ বছর মেয়াদী ডিপ্লোমাধারী।<br>(খ) ওয়ার্ড প্রসেসিং এবং বেসিক কম্পিউটার এ দক্ষতা থাকতে হবে। |

**শর্তাবলী ঃ**

১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারো সাথে বিবাহিত বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ কেহ আবেদন করার যোগ্য বিবেচিত হবে না;

২। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে;

৩। নির্ধারিত আবেদন ফরমটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের www.forms.gov.bd ওয়েব সাইটে, জেলা পরিষদ, মৌলভীবাজার এর জেলা পরিষদ ডিজিটাল সেন্টার হতে সংগ্রহ করা যাবে;

৪। আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে ঃ

(ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি;

(খ) পৌরসভার মেয়র/ইউ.পি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ পত্র;

(গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল/সাময়িক সনদ পত্রের সত্যায়িত ছায়ালিপি (১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত);

(ঘ) একজন ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র;

(ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত ছায়ালিপি;

৫। আবেদনকারীর বয়স ০৯/০৪/২০২৬ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে।

৬। সরকারী নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃগোষ্ঠী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধান অনুসরণ করা হবে। প্রার্থীকে তার দাবীকৃত কোটা সমর্থনের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রমাণপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে দাখিল করতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

৭। নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র প্রেরণের লক্ষ্যে আবেদনপত্রের সাথে আবেদনকারীর নাম ও ঠিকানা উল্লেখ করে ১০×৪ সাইজের ১০/-(দশ) টাকার মূল্যের ডাকটিকেট লাগানো একটি আলাদা খাম সংযুক্ত করতে হবে;

৮। চাকরির শর্তাবলী, বেতন ভাতা/সুযোগ সুবিধার ক্ষেত্রে জেলা পরিষদ আইন/২০০০, স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা/কর্মচারী চাকরি বিধিমালা/১৯৯০ এবং সরকার কর্তৃক সময় সময় জারিকৃত নির্দেশনাবলী প্রযোজ্য হবে;

৯। আগামী ২৬/০৪/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার এর বরাবরে আবেদনপত্র ডাক-যোগে অফিস সময়ের মধ্যে পৌছাতে হবে। সরাসরি অত্রাফিসে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত দরখাস্ত কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না;

১০। আবেদনপত্রের সাথে 'প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার এর অনুকূলে ৫০০/-(পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) জমা দিতে হবে;

১১। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন সমূহ বাতিল বলে গণ্য হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সুস্পষ্ট নাম, পদবী ও সীলসহ প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে;

১২। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে বিধি মোতাবেক আবেদন করতে হবে। আবেদন পত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না;

১৩। শূন্য পদ পূরণে কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা অনুসরণসহ নিয়োগ সংক্রান্ত সরকারী বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে;



CamScanner

১৪। প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না;

১৫। নির্দিষ্ট কোন কোটায় নিয়োগের দাবীদার প্রার্থীদের তাঁর দাবীর স্ব-পক্ষে সরকার নির্ধারিত সনদপত্র দাখিল করতে হবে। অন্যথায় তার দাবী গ্রহণযোগ্য হবে না;

১৬। আবেদন পত্রে বর্ণিত তথ্য যে কোন পর্যায়ে অসত্য/মিথ্যা প্রমাণিত হলে আবেদন/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১৭। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে;

১৮। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারণবশত নিয়োগ প্রক্রিয়া যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

02/08/202৬

(শামীমা খন্দকার)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মৌলভীবাজার।
ও
আহবায়ক
নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটি।

02/08/2৬

স্মারক নং : ৪৬.০০.৫৮০০.০১.০১(অংশ-৩).০৪০.১৭.১২৩ — তারিখ : ০২/০৪/২০২৬ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমনাসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৪। প্রশাসক, জেলা পরিষদ, মৌলভীবাজার।
৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।

সদয় অবগতি ও কার্যার্থে ঃ-

৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ --------------------------- (সকল)।
৭। উপসচিব, স্থানীয় সরকার বিভাগ (জেলা পরিষদ শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।
৯। সির্ভিল সার্জন, মৌলভীবাজার।
১০। প্রশাসক, উপজেলা পরিষদ (সকল), মৌলভীবাজার।
১১। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ বিভাগ/গণপূর্ত বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার।
১২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার।
১৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মৌলভীবাজার।
১৪। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, মৌলভীবাজার।
১৫। সম্পাদক, দৈনিক যুগান্তর ও দৈনিক Dhaka Tribune। উপরোক্ত বিজ্ঞাপনটি আপনার বহুল প্রচারিত পত্রিকায় (৩ কলাম ৭") স্বল্প পরিসরে আগামী ০৫/০৪/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে একদিনের জন্য প্রকাশের ব্যবস্থা করার অনুরোধ করা গেল।
১৬। নোটিশ বোর্ড।
১৭। জেলা পরিষদ, মৌলভীবাজার এর ওয়েব সাইট, www.zpmoulvibazar.gov.bd হতে বিস্তারিত জানা যাবে।

02/08/202৬

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মৌলভীবাজার।
ও
আহবায়ক
নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটি।

02/08/2৬